দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 JUN 1989
পৃষ্ঠা ৭ কলাম ৪

C38

ফরিদপুর কেন্দ্রে ১০ বস্তা নকল পোড়ানো হয়েছে

নেত্রকোনায় প্রতিরোধ সমাবেশে প্রতিজ্ঞা

নেত্রকোনার নান্দাইল উপজেলার বাশটি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে গত ৭ই জুন পরীক্ষায় নকল প্রতিরোধকল্পে এক সমাবেশের আয়োজন করা হয়। অন্যদিকে, ফরিদপুরে ১০ বস্তা নকল পোড়ানো হয়েছে।

নিজস্ব সংবাদদাতা নেত্রকোনা থেকে জানান নান্দাইল উপজেলা চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত নকল প্রতিরোধ সমাবেশে ছাত্র শিক্ষক ও অভিভাবকগণ অংশ নেন। সমাবেশে ছাত্ররা নকল না করার প্রতিজ্ঞা করে।

ফরিদপুর

নিজস্ব সংবাদদাতা ফরিদপুর থেকে আরেক খবরে জানান, জেলার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১৫০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ১০ বস্তা নকল পোড়ানো হয়েছে।

জানা গেছে উপজেলা পর্যায়ের কেন্দ্রগুলিতে প্রথম ৪ দিন ভিজিলেন্স টিম কাজ করেছে। কিন্তু তারপরে ভিজিলেন্স টিম ছিল না। চরভদ্রাসন কলেজে কোনদিন ভিজিলেন্স টিম যায়নি। এখানে ব্যাপকভাবে নকল হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।